গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৫৯

তারিখ: ৮ জ্যৈষ্ঠ ১৪২৯
২২ মে ২০২২

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

**সমুদ্রবন্দর সমূহের জন্য কোন সতর্কবাণী নেই এবং কোন সংকেতও দেখাতে হবে না।**

**২। আজ ২১ মে ২০২২ খ্রিঃ তারিখ সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

কুমিল্লা, নোয়াখালী, চট্টগ্রাম, কক্সবাজার অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৬০-৮০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়োহাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ০২ নম্বর নৌ হুশিয়ারী  সংকেত (পুনঃ) ০২ নম্বর নৌ হুশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে।

**৪। আজ ২১ মে ২০২২ খ্রিঃ তারিখ  সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থাঃ** মার্তবান উপসাগর ও তৎসংলগ্ন মায়ানমারে সৃষ্ট লঘুচাপটি ঘণীভূত হয়ে প্রথমে সুস্পষ্ট লঘুচাপ এবং পরবর্তীতে নিম্নচাপে পরিণত হয়। এরপর এটি দুর্বল হয়ে সুস্পষ্ট লঘুচাপ আকারে বর্তমানে থাইল্যান্ড এবং তৎসংলগ্ন মায়ানমার এলাকায় অবস্থান করছে। লঘুচাপের বর্ধিতাংশ বিহার, পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশের দ ক্ষিণাঞ্চল হয়ে উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে।

**পূর্বাভাসঃ** রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, সিলেট ও চট্টগ্রাম বিভাগের অনেক জায়গায় এবং খুলনা ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা/ ঝড়ো হাওয়ার সাথে প্রবল বিজলী চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরণের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

**তাপ প্রবাহঃ** যশোর ও সাতক্ষীরা জেলা সমূহের উপর দিয়ে মৃদু তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা প্রশমিত হতে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে দিনের তাপমাত্রা (১-২)ডিগ্রী সে. হ্রাস পেতে পারে ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের প্রবণতা অব্যাহত থাকতে পারে।**

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৩.৭ | ২৮.৫ | ৩৪.৫ | ২৯.৫ | ৩৪.৬ | ২৯.০ | **৩৭.৬** | ৩৪.০ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২০.০ | ২০.০ | ২০.৯ | ২১.২ | **১৯.৭** | ২০.০ | ২০.৫ | ২১.২ |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল যশোর ৩৭.৬$^{o}$ সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা বগুড়া ১৯.৭$^{o}$ সেঃ।
(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

**৫। বজ্রপাত:**

চাঁপাইনবাবগঞ্জ ও হবিগঞ্জ জেলা প্রশাসন হতে প্রাপ্ত বজ্রপাতের তথ্যাদি নিম্নরুপ:

| ক্র.নং. | জেলার নাম | তারিখ | মৃত/আহতের নাম | বয়স | লিঙ্গ | পিতা/স্বামীর নাম | গ্রাম | ইউনিয়ন | উপজেলা | পেশা | বজ্রপাতের সময় অবস্থান ও কাজ | মৃতের সংখ্যা | **আহতের সংখ্যা** | **মন্তব্য** |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | **চাপাইনবাবগঞ্জ** | ১৯-০৫-২০২২ | মো: বদিউর রহমান | ৪২ | পুরুষ | মিন্টু | মনোহরপুর | দুর্লভপুর | শিবগঞ্জ | জেলে | নৌকাতে মাছ ধরা অবস্থায় | ১ | ০ | |

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১৯-০৫-২০২২ | মোঃ আওলাদ | ২২ | পুরুষ | বদিউর রহমান | মনোহরপুর | দুর্লভপুর | শিবগঞ্জ | জেলে | নৌকাতে মাছ ধরা অবস্থায় | ১ | ০ | |
| ২ | **হবিগঞ্জ** | ২০-০৫-২০২২ | আলমগীর মিয়া | ২০ | পুরুষ | মকসুদ আলী | রাঢ়িশাল | ৫নং করার | লাখাই | ছাত্র | মাঠ থেকে ধান আনার সময় | ১ | ০ | |
| ৩ | **ঝিনাইদহ** | ২১-০৫-২০২২২ | রূপসি খাতুন | ৩২ | মহিলা | স্বামী: গোলাম নবী মন্ডল | বড় কুলচারা | শৈলকুপা | শৈলকুপা | | | ১ | ০ | |
| | | ২১-০৫-২০২২২ | গোলাম নবী মন্ডল | | পুরুষ | সোনাউল্লা মন্ডল | বড় কুলচারা | শৈলকুপা | শৈলকুপা | | | ০ | ১ | |
| | | | | | | | | | | | **মোট** | **৪** | **১** | |

**৬। বন্যা:**

অতি বৃষ্টির কারণে সৃষ্ট বন্যা পরিস্থিতির প্রতিবেদন:

**সিলেট:** জেলার অভ্যন্তর দিয়ে প্রবাহিত সবগুলো নদীর পানি বিদসীমার উপর দিয়ে প্রবাহিত হলেও গতকাল থেকে কিছুটা হ্রাস পেয়েছে। সীমান্তের ওপার থেকে নেমে আসা প্রবল পানির স্রোতের কারণে অমলশীদ এলাকা নদীর বাঁধ ভেঙে পানি লোকালয়ে প্রবেশ করায় ১০-১৫ টি গ্রাম পানিত প্লাবিত হয়েছে। ফলে উপজেলার বন্যা পরিস্থতির অবনতি হয়েছে। জনসাধারণ দুর্ভোগের সম্মুখীন হয়েছে। বাঁধ ভাঙন রোধ, ক্ষয়ক্ষতি এবং করণীয় সম্পর্কে স্থানীয় জনপ্রতিনিধি, সাংবাদিক ও জনসাধারণের সাথে আলোচনা করা হয়। ক্ষতিগ্রস্থদের মাঝে ত্রাণ বিতরণ করা হয়। উপজেলার বন্যা পরিস্থিতি পর্যালোচনা ও করণীয় বিষয়ে প্রয়োজনীয় দিক নির্দেশনা ও পরামর্শ প্রাদান করা হয়।

পানিবন্দি লোকদের আশ্রয়ের জন্য সিলেট জেলার ৩২৬ টি আশ্রয়কেন্দ্র প্রস্তুত রাখা হয়েছে। বর্তমানে ৯৫ টি আশ্রয় কেন্দ্রে ৭,৩৪৯ জন আশ্রয় গ্রহণ করেছেন। আশ্রিতদের শুকনো খাবার সরবরাহ ও প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হচ্ছে।

ত্রাণ তৎপরতা অব্যাহত আছে। বন্যা দুর্গত এলাকাগুলো পরিদর্শন করা হচ্ছে। সার্বিক পরিস্থিতি মনিটরিং করা হচ্ছে।

**সুনামগঞ্জ:** সাম্প্রতিক কালে টানা ভারি বৃষ্টিপাত ও উজান থেকে নেমে আসা পাহড়ি ঢলে সুনামগঞ্জ জেলার বন্যা পরিস্থিতির অবনতি হয়েছে। সুরমা নদীর পানি সুনামগঞ্জ পয়েন্টে বিপদ সীমার ১০ সেন্টিমিটার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। জেলার ছাতক, দোয়ারাবাজার কর্তৃক ৬ টি বন্যা আশ্রয় কেন্দ্র খোলা হয়েছে এবং আরও ২০ টি বন্যা আশ্রয় কেন্দ্র প্রস্তুত রাখা হয়েছে। ছাতক ও সদর উপজেলার কয়েকটি ইউনিয়ের নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। উপজেলা প্রশাসন কর্তৃক ২৫ টি বন্যা আশ্রয় কেন্দ্র খোলা হয়েছে এবং আরও ৯০ টি বন্যা আশ্রয়কেন্দ্র প্রস্তুত রাখা হয়েছে।

সুনামগঞ্জ জেলার বন্যা পরিস্থিতি মোকাবেলায় জেলা প্রশাসন সুনামগঞ্জ কর্তৃক জিআর ক্যাশ ১২,০০,০০০/- (বার লক্ষ) টাকা, জি.আর চাল ১৬৫.০০০ (একশত পয়ষট্টি) মে.টন ও ৪.০০০ (চার হাজার) বস্তা শুকনা খাবার উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে।

**৭। অগ্নিকান্ড সম্পর্কিত তথ্যঃ**

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৯ মে, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা থেকে ২০ মে, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ২১ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরূপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ১০ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ০ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ২ | ০ | ০ |
| ৪। | সিলেট | ২ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬। | রংপুর | ১ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ২ | ০ | ০ |
| ৮। | খুলনা | ৩ | ০ | ০ |
| | **মোট** | **২১** | **০** | **০** |

**৮। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস**

- **গঙ্গা ও ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে, অপরদিকে পদ্মা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।**
- আবহাওয়া সংস্থাসমূহের গাণিতিক মডেলভিত্তিক পূর্বাভাস অনুযায়ী, আগামী ২৪ ঘন্টায় দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন ভারতের আসাম, মেঘালয়, হিমালয় পাদদেশীয় পশ্চিমবঙ্গ ও ত্রিপুরা প্রদেশের কতিপয় স্থানে মাঝারী থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
- **দেশের উত্তরাঞ্চলের ধরলা, তিস্তা ও দুধকুমার নদীর পানি সমতল স্থিতিশীল আছে, যা আগামী ২৪ ঘন্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।**

- সুরমা-কুশিয়ারা ব্যতীত দেশের উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে এবং কতিপয় স্থানে সময়বিশেষে দ্রুত বৃদ্ধি পেতে পারে।
- আগামী ২৪ ঘণ্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চলে সিলেট জেলার কতিপয় স্থানে বন্যা পরিস্থিতির কিছুটা উন্নতি হতে পারে, অপরদিকে সুনামগঞ্জ ও নেত্রকোণা জেলার নিম্নাঞ্চলের কতিপয় স্থানে বন্যা পরিস্থিতির কিছুটা অবনতি হতে পারে।

**নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০৯ | গেজ স্টেশন বন্ধ আছে | ০ |
| বৃদ্ধি | ৮৩ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০ |
| হ্রাস | ২৩ | মোট তথ্য পাওয়া যায়নি | ০ |
| অপরিবর্তিত | ০৩ | **বিপদসীমার উপরে** | ০৭ |

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (২১ মে,২০২২ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):**

| পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমা (মিটার) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|
| কানাইঘাট (সিলেট) | সুরমা | ১৩.৬০ | -১৩ | ১২.৭৫ | +৮৫ |
| সিলেট | সুরমা | ১১.০৫ | -১৩ | ১০.৮০ | +২৫ |
| সুনামগঞ্জ | সুরমা | ৭.৮২ | -১৪ | ৭.৮০ | +০২ |
| অমলশীদ (সিলেট) | কুশিয়ারা | ১৬.৯৬ | -১৩ | ১৫.৪০ | +১৫৬ |
| শেওলা (সিলেট) | কুশিয়ারা | ১৩.৬০ | -০৩ | ১৩.০৫ | +৫৫ |
| দিরাই (সুনামগঞ্জ) | পুরাতন সুরমা | ৬.৬৩ | +১৪ | ৬.৫৫ | +০৮ |
| কলমাকান্দা (নেত্রকোণা) | সোমেশ্বরী | ৬.৫৯ | +১৫ | ৬.৫৫ | +০৪ |

**বারিপাত তথ্য**

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| লরেরগড় (সুনামগঞ্জ) | ১০২.০ | মহেশখোলা (সুনামগঞ্জ) | ৯০.০ | পাটেশ্বরী (কুড়িগ্রাম) | ৮৫.০ |
| দক্ষিণবাগ (মৌলভীবাজার) | ৮২.০ | দুর্গাপুর (নেত্রকোণা) | ৭৯.০ | ডালিয়া (নীলফামারী) | ৬৩.০ |
| গাইবান্ধা | ৫৬.০ | মাদারীপুর | ৫২.০ | বগুড়া | ৫০.০ |

গত ২৪ ঘন্টায় ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| ধুব্রি (আসাম) | ৯৯.০ | গ্যাংটক (সিকিম) | ৮৬.০ | কৈলাশহর (ত্রিপুরা) | ৪৪.০ |

২২-৫-২০২২
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৫৯/১(১৭১)

তারিখ: ৮ জ্যৈষ্ঠ ১৪২৯
২২ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সিনিয়র সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৫) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৬) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল)

৯) জেলা প্রশাসক (সকল)
১০) উপ-পরিচালক (সকল)
১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১২) জেলা ত্রাণ ও পুর্নবাসন কর্মকর্তা (সকল)
১৩) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

২২-৫-২০২২
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা